রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- *০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৩৭*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **‘অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি’** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | জনাব আমীর খসরু মাহমুদ চৌধুরী<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মির্জা ফখরুল ইসলাম আলমগীর<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব সালাহউদ্দিন আহমদ<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | খন্দকার আব্দুল মুক্তাদির<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং<br>বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | জনাব মোঃ আসাদুজ্জামান<br>মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী | সদস্য। |



মূল্য : টাকা ৪.০০

১.২। **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(৪) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

(৫) সচিব, অর্থ বিভাগ

(৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৭) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(৮) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৯) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(১০) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(১১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(১২) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(১৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(১৪) প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি :**

(১) দেশের সার্বিক আর্থিক ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;

(২) মন্ত্রিসভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত বিষয়/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন:

ক. বাণিজ্য নীতি (আমদানি নীতি, রপ্তানি নীতিসহ);

খ. শিল্পনীতি;

গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলি;

(৩) ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(৪) বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ভর্তুকি প্রদান সংক্রান্ত বিষয়াদি;

(৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলি, বিশেষত এদের আর্থিক কৃতি ও ফলাফল বিবেচনা;

(৬) বাণিজ্য বৃদ্ধি, বৈদেশিক শ্রম বাজার সম্প্রসারণ, বৈদেশিক শ্রম বাজারের চাহিদা নিরূপণ, রেমিটেন্স সংক্রান্ত কার্যাবলি পরিবীক্ষণ, বিদেশে জনশক্তি প্রেরণের বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং এ সকল লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা;

(৭) সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত দ্রব্যের মূল্য অন্য কোনো প্রক্রিয়ায় নির্ধারিত হয়ে না থাকলে তা নির্ধারণ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যমানের উৎপাদিত দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের প্রস্তাব বিবেচনা ও সুপারিশ; এবং

(৮) কোনো আইন, বিধি বা নীতিমালায় এ কমিটি কর্তৃক বিবেচনার জন্য কোনো বিষয় নির্ধারণ করা থাকলে তা বিবেচনা।

১.৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

১.৬। মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৭। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ আগস্ট ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.১৪৭ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd